



August Challenge 2019

Problem Code: MSNSADM1

Football

একটা ফুটবল প্রতিযোগিতা মাত্র শেষ হয়েছে। খেলোয়াড়দেরকে গোল স্কোর করার জন্য ধনাত্মক পয়েন্ট এবং ফাউল করার জন্য ঋণাত্মক পয়েন্ট দেওয়া হয়েছে। এখন এলেক্সের দায়িত্ব প্রতিযোগিতার সেরা খেলোয়াড় খুঁজে বের করা। একজন প্রোগ্রামার হিসেবে, তোমার দায়িত্ব হল কোন খেলোয়াড় দ্বারা অর্জিত সর্বোচ্চ পয়েন্ট এলেক্স জানিয়ে দেওয়া।

তোমাকে দুইটা ধারা A_1, A_2, \dots, A_N এবং B_1, B_2, \dots, B_N দেওয়া হবে। প্রত্যেক প্রযোজ্য i এর জন্য, i খেলোয়াড় A_i সংখ্যক গোল স্কোর করেছে এবং B_i সংখ্যক ফাউল করেছে। প্রত্যেক গোলের জন্য, যে খেলোয়াড় গোল দিয়েছে সে 20 পয়েন্ট পায় এবং প্রত্যেক ফাউলের জন্য, যে খেলোয়াড় এটা করেছে তার কাছ থেকে 10 পয়েন্ট বাদ দিয়ে দেওয়া হবে। তবে, যদি কোন খেলোয়াড়ের পয়েন্ট সংখ্যা ঋণাত্মক হয়ে যায়, তবে তার 0 পয়েন্ট রয়েছে হিসেবে বিবেচনা করা হবে।

তোমাকে প্রত্যেক খেলোয়াড়ের অর্জিত মোট পয়েন্ট সংখ্যা গণনা করতে হবে এবং এলেক্সকে এদের মধ্যে সর্বোচ্চটা কত তা জানিয়ে দিতে হবে।

ইনপুট:

- ইনপুটের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা T দেওয়া থাকে যা টেস্টকেস সংখ্যা নির্দেশ করে। এরপর T টেস্টকেস এর বর্ণনা দেওয়া থাকে।
- প্রত্যেক টেস্টকেসের প্রথম লাইনে একটা পূর্ণসংখ্যা N দেওয়া থাকে।
- দ্বিতীয় লাইনে N সংখ্যক স্পেস-সেপারেটেড পূর্ণসংখ্যা A_1, A_2, \dots, A_N থাকে।
- তৃতীয় লাইনে N সংখ্যক স্পেস-সেপারেটেড পূর্ণসংখ্যা B_1, B_2, \dots, B_N থাকে।

আউটপুট:

প্রত্যেক টেস্ট কেস এর জন্য এক লাইনে একটি পূর্ণসংখ্যা প্রিন্ট করতে হবে — সর্বোচ্চ পয়েন্ট সংখ্যা।

শর্তাবলি:

- $1 \leq T \leq 100$
- $1 \leq N \leq 150$
- $0 \leq A_i \leq 50$ প্রত্যেক প্রযোজ্য i এর জন্য
- $0 \leq B_i \leq 50$ প্রত্যেক প্রযোজ্য i এর জন্য

সাবটাস্ক:

- সাবটাস্ক #1 (30 পয়েন্ট) : $1 \leq N \leq 2$
- সাবটাস্ক #2 (70 পয়েন্ট) : মূল শর্তাবলি

নমুনা ইনপুট :

2
3
40 30 60
2 4 20
1
0
10

নমুনা আউটপুট :

1000
0

ব্যাখ্যা:

কেস 1: প্রথম খেলোয়াড় গোল স্কোর করার কারণে 800 পয়েন্ট পায় এবং ফাউলের কারণে 20 পয়েন্ট কমে যায়। একইভাবে, দ্বিতীয় খেলোয়াড় 560 পয়েন্ট পায় এবং তৃতীয় খেলোয়াড় 1,000 পয়েন্ট পায়। তৃতীয় খেলোয়াড়ের পয়েন্ট সংখ্যা সর্বোচ্চ।